

নিয়মিত বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে-শিক্ষামন্ত্রী

ঢাকা, ২৪ জুলাই

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, জাতীয়ভাবে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে হবে। জ্ঞান ও দক্ষতা আয়ত্ব করতে বই পড়ার কোন বিকল্প নেই। তিনি বলেন, পাঠ্যভ্যাস গড়ে তোলার মাধ্যমেই নিজেকে বিকশিত করা সম্ভব। তিনি ছাত্র-শিক্ষক সবাইকে নিয়মিত পড়ার অভ্যাস গড়ে তোলার আহ্বান জানান।

মন্ত্রী আজ রাজধানীর বাংলামটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে পাঠ্যভ্যাস উন্নয়ন কর্মসূচির ঢাকা বিভাগের সেরা সংগঠক-২০১৬ সম্মাননা পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এন্ড একসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) ও বিশ্বসাহিত্য কেন্দ্র এ অনুষ্ঠানের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, জ্ঞান চর্চা একটি জীবনভর প্রক্রিয়া। যুগের সাথে সামঞ্জস্যপূর্ণ করে গড়ে তুলতে তিনি ছাত্রছাত্রীদের নিয়মিত বই পড়ার আহ্বান জানান। তিনি বলেন, পাঠ্যবইয়ের বাইরে অনেক বই পড়তে হবে। নতুন প্রজন্মকে নেতৃত্ব দেয়ার যোগ্য করে গড়ে তুলতে হবে। আমরা ভাল মানুষ তৈরি করতে চাই।

তিনি বলেন, সেকায়েপ প্রকল্পের মাধ্যমে দেশের ২৫০টি উপজেলায় ১২ হাজার স্কুলে পাঠ্যভ্যাস উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এর মাধ্যমে ২০১০ সাল থেকে ২০১৬ পর্যন্ত ৬১ লাখ শিক্ষার্থী বই পড়ার সুযোগ পেয়েছে। ২০১৭ সালে আরো ২১ লাখ ছেলেমেয়ে বই পড়া কর্মসূচিতে অংশগ্রহণ করে। গত ৭ বছরে এ প্রকল্পের অধীনে ৩৪ লাখ বই পুরস্কার হিসেবে ছাত্রছাত্রীদের দেয়া হয়েছে।

তিনি আরো বলেন, এ কর্মসূচির সেরা সংগঠক হিসেবে এবছর ১ হাজার ১৮৪ জনকে সম্মাননা দেয়া হয়েছে। ঢাকা বিভাগের ১৭৫ জন সংগঠক আজ এ পুরস্কার পাচ্ছেন। ঢাকা বিভাগের ৪৪টি উপজেলার ১৭৫ জন লাইব্রেরিয়ান/শিক্ষক সেরা সংগঠক নির্বাচিত হয়েছেন।

সেকায়েপ প্রকল্প পরিচালক ড. মো. মাহামুদ-উল-হকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, কারিগরি ও মাদরাসা বিভাগের সচিব মো. আলমগীর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, পাঠ্যভ্যাস উন্নয়ন কর্মসূচির টিম লিডার অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদ ও কো-টিম লিডার শরীফ মো. মাসুদ বক্তৃতা করেন। অনুষ্ঠানের এ কর্মসূচির বিভিন্ন দিক তুলে ধরে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা পেশ করেন জাতীয় পরিকল্পনা একাডেমির পরিচালক ড. মো. নুরুজ্জামান।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯